# শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪৩. প্রশ্ন: আবূ বকর ও ওমর রাদিয়াল্লাহু ‘আনহুমার ব্যাপারে আলী রাদিয়াল্লাহু ‘আনহুর অবস্থান কী?

৪৩. উত্তর: এই ব্যাপারে তাঁর অবস্থা সম্পর্কে যতটুকু জানা যায় তা হচ্ছে, সকল উম্মতের উপর তাঁদেরকে ভালবাসা, বন্ধুরূপে গ্রহণ করা, সম্মান করা এবং তাঁদেরকে প্রাধান্য দেয়ার বিষয়টি আলী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বহু সনদে বর্ণিত হয়েছে। তাঁর পক্ষ থেকে তাঁদের ব্যাপারে কখনো একটি কটুক্তির প্রকাশ ঘটেছে বলে জানা যায়নি এবং এটাও জানা যায়নি যে, তিনি তাঁদের চেয়ে খিলাফতের অধিক হকদার ছিলেন বলে দাবী করেছেন। যারা মুতাওয়াতির তথা বহু সনদে বর্ণিত হাদিসগুলোর ব্যাপারে জ্ঞান রাখেন, যেগুলো বর্ণিত হয়েছে বিশ্বস্ত বর্ণনাকারীগণের মাধ্যমে তাদের কাছে এটা অত্যন্ত বিখ্যাত বিষয়। [পৃ. ১৬৪, ৬ষ্ঠ খণ্ড]।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12676

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন